

প্লাস্টিক দূষণ ও তার প্রতিকার প্রবন্ধ রচনা

ভূমিকা

বিজ্ঞানের ডানায় ভর করে আমরা যতই উন্নয়নের পথে এগোচ্ছি। কোথাও যেন দূষণ আমাদের পিছু টেনে ধরছে। প্লাস্টিক দূষণের বিষময় ফলের ভয়াবহ পরিনতির অশনি সংকেত আগামী সভ্যতার কাছে মাথাব্যথার কারন হয়ে দাড়িয়েছে।

প্লাস্টিক দূষণের কারণ

বর্তমান বিশ্বের উদীয়মান শিল্প হল পেট্রোরসায়ন। আমাদের দৈনন্দিন জীবনে প্লাস্টিকের দ্রব্যের বহুবিধ বিপুল ব্যবহার প্লাস্টিকের দূষণের মাত্রাকে চরম সীমায় নিয়ে গেছে। ওজনে হাল্কা, জল ও বায়ু নিরোধক প্লাস্টিকের বাগ ও প্যাকেট গৃহস্থালির দ্রবাদি, কসমেটিক, প্লাস্টিক চেয়ার, টেবিল নানা কার্যে প্লাস্টিকের ব্যাপক ব্যবহার। প্লাস্টিক অপাচ্য বলে পরিবেশকে চরম দূষণের শিকার করেছে।

প্লাস্টিক দূষণের প্রভাব

প্লাস্টিক দূষণ বিশ্ব পরিবেশকে ঘোরতর বিপদের সম্মুখীন করেছে। প্লাস্টিক বর্জ্য উৎপত্তি স্থান থেকে বায়ু, সমুদ্র স্রোত, নদী ইত্যাদির মাধ্যমে বিভিন্ন জায়গায় ছড়িয়ে পড়েছে। দীর্ঘদিন ধরে প্লাস্টিক বর্জ্য পরিবেশে অপরিবর্তিত ভাবে থেকে যায়। এমনকি প্লাস্টিকের বিষ থাইরয়েড়, বধাত্ব, হৃদরোগ, শুন কানসার বৃদ্ধির কারন হয়ে উঠেছে।

প্লাস্টিক দূষণ প্রতিরোধের উপায়

প্লাস্টিক দূষণ এখন সারা পৃথিবীর মানুষের কাছে দুর্শ্চিত্তার বিষয়। এখনই যদি কোন ব্যবস্থা নেওয়া না হয় তাহলে ভবিষ্যতে আমাদের অনেক বড় বিপদের মধ্যে পড়তে হবে। নিম্নলিখিত উপায় অবলম্বন করে প্লাস্টিক দূষণ নিয়ন্ত্রণে আনা যেতে পারে।

- ১. পুনর্বীকরণ** - প্লাস্টিক রিসাইক্লিং বা ব্যবহার করা প্লাস্টিকগুলি যাতে আবার ব্যবহার করা যায় সেই ব্যবস্থা করলে প্লাস্টিক দূষণ অনেকটাই মোকাবিলা করা যাবে।
- ২. নিয়ন্ত্রণ** - গবেষণায় দেখা গেছে যে, ৫ মাইক্রনের কম পুরু প্লাস্টিক পরিবেশের পক্ষে বেশি ক্ষতিকর। তাই অবিলম্বে সেগুলির উৎপাদন নিয়ন্ত্রণ করতে হবে।
- ৩. বিকল্প তৈরি** - প্লাস্টিক বর্তমানে আমাদের দৈনন্দিন জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে রয়েছে। তাই হঠাৎ করে প্লাস্টিকের উপর নিষেধাজ্ঞা জারি করলে অনেকেই সমস্যার সম্মুখীন হবেন। সুতরাং প্লাস্টিকের ব্যবহার নিয়ন্ত্রণ করতে হলে বা পুরোপুরি বন্ধ করতে হলে তার বিকল্প হিসেবে কিছু সামগ্রী সুলভ করতে হবে।

উপসংহার

অন্যান্য দুষনের মতই প্লাস্টিক দুষনের বিষময় প্রভাব অত্যন্ত গুরুত্বপূর্ণ কেননা তা পরিবেশকে ভয়ঙ্কর ভাবে ক্ষতিগ্রস্ত করছে। যে কোনো মূল্যেই প্লাস্টিক দুষনের হাত থেকে সমাজকে রক্ষা করতে হবে।